

## 🗏 আল-ইনসান (আদ-দাহর) | Al-Insan | ٱلْإِنْسَان

আয়াতঃ ৭৬:১৩

## 💵 আরবি মূল আয়াত:

## 

তারা সেখানে সুউচ্চ আসনে হেলান দিয়ে আসীন থাকবে। তারা সেখানে না দেখবে অতিশয় গরম, আর না অত্যধিক শীত। — আল-বায়ান

সেখানে তারা উচ্চ আসনগুলোতে হেলান দিয়ে বসবে, সেখানে তারা দেখবে না অতি গরম, আর অতি শীত। — তাইসিরুল

সেখানে তারা সমাসীন হবে সুসজ্জিত আসনে, তারা সেখানে অতিশয় গরম ও অতিশয় শীত অনুভব করবেনা। — মুজিবুর রহমান

[They will be] reclining therein on adorned couches. They will not see therein any [burning] sun or [freezing] cold. — Sahih International

১৩. সেখানে তারা হেলান দিয়ে আসীন থাকবে সুসজ্জিত আসনে, তারা সেখানে খুব গরম অথবা খুব শীত দেখবে না।(১)

(১) কারণ খুব গরম ও খুব শীত তো জাহান্নাম থেকে নির্গত হয়। জান্নাতবাসীরা সেটা কোনক্রমেই পাবে না। হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "জাহান্নাম তার রবের কাছে অভিযোগ করল যে, হে রব! আমার একাংশ (গরম অংশ) অপর অংশ (ঠাণ্ডা অংশ)কে শেষ করে দিল। তখন তাকে দুটি নিঃশ্বাস ফেলার অনুমতি দেয়া হলো। একটি শীতকালে অপরটি গ্রীষ্মকালে। সেটাই তা তোমরা কঠিন গরম আকারে গ্রীষ্মকালে পাও এবং কঠিন শীত আকারে শীতকালে অনুভব করা।" [বুখারী: ৩২৬০, মুসলিম: ৬১৭]

তাফসীরে জাকারিয়া

- (১৩) সেখানে তারা সুসজ্জিত আসনে হেলান দিয়ে বসবে, তারা সেখানে রৌদ্রতাপ অথবা অতিশয় শীত বোধ করবে না। [1]
  - [1] زَمْهَرِيْرٌ र्किन শীতকে বলা হয়। অর্থাৎ, সেখানে সর্বদা একই রকম আবহাওয়া থাকবে। আর সেটা হবে বসন্তকাল; না গরম, আর না ঠান্ডা।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5604

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন